# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২২৮

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ سَلْمَانَ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ السَّمْنِ وَالْجُبْنِ وَالْفِرَاءِ فَقَالَ: «الْحَلَالُ مَا أَحَلَّ اللَّهُ فِي كِتَابِهِ وَالْحَرَامُ مَا حَرَّمَ اللَّهُ فِي كِتَابِهِ وَمَا سَكَتَ عَنْهُ فَهُوَ مِمَّا عَفَا عَنْهُ» . رَوَاهُ ابْنُ مَاجَهْ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وموقوفٌ على الأصحِّ

বাংলা

৪২২৮-[৭০] সালমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ঘি, পনির ও বন্য গাধা (খাওয়া) সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহ তা'আলা তাঁর কিতাবে যা কিছু হালাল বলেছেন তা হালাল এবং যা কিছু হারাম করেছেন তা' হারাম। আর যা হতে নীরব রয়েছেন তা মার্জনীয়। [ইবনু মাজাহ ও তিরমিযী;[1] আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটি হাসান ও গরীব, তবে সঠিক কথা হলো তা মাওকূফ]

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১৭২৬, ইবনু মাজাহ ৩৩৬৬, সহীহুল জামি‘ ৩১৯৫, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬০৩৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২০২১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হালাল কিংবা হারাম হওয়ার বিষয়টি হয় তো কুরআন মাজীদে স্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে অথবা সমষ্টিগতভাবে। আল্লাহ তা‘আলার বাণী : ‘‘রসূল তোমাদের কাছে যা এনেছেন তা গ্রহণ কর এবং যা থেকে নিষেধ করেছেন তা বর্জন কর।’’ (সূরাহ্ আল হাশ্র ৫৯ : ৭)

এমন অনেক বস্তু যার ব্যাপারে কুরআনে স্পষ্ট বর্ণনা নেই যাতে তা হাদীস দ্বারা হারাম করার ক্ষেত্রে কোন জটিলতা না থাকে। ‘আল্লামা শাওকানী (রহিমাহুল্লাহ) তাঁর ‘‘নায়লুল আওত্বার’’ গ্রন্থে বলেছেনঃ উল্লেখিত ইবারত ও তার সমহুকুম সম্পন্ন ইবারত যা কুরআনের ভিত্তিতেই হালাল-হারামের সীমাবদ্ধতার উপর প্রমাণ বহন করে এমন ইবারত দ্বারা সমষ্টিগত অর্থসম্পন্ন বাক্য উদ্দেশ্য যা সকল হুকুমকে সম্পৃক্ত করে। সেটা অর্থের ব্যাপকতার ভিত্তিতে হতে পারে অথবা ইশারা-ইঙ্গিতের মাধ্যমেও হতে পারে। কেননা হাদীসে এসেছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমাকে কুরআন মাজীদ দেয়া হয়েছে এবং তার সাথে তার অনুরূপ বিষয় দেয়া হয়েছে। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৭২৬)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সালমান ফারসী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন